

## মার্কিন যুক্তরাষ্ট্রে সফরকারী ভারতীয় নাগরিকদের উদ্দেশ্যে নির্দেশিকা

বৈধ ছাত্র ভিসা থাকা সত্ত্বেও আমেরিকার দুটি শিক্ষা প্রতিষ্ঠান সান জোসের সিলিকন ভ্যালি বিশ্ববিদ্যালয় এবং ফ্রিমন্টের নর্থ ওয়েস্টার্ন পলিটেকনিক বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য সেখানে প্রবেশ করতে গিয়ে যেসব ভারতীয় পড়ুয়ারা মার্কিন অভিবাসন কর্তৃপক্ষের নিষেধাজ্ঞার মুখে পড়েছেন, তাঁদের জন্য ২০১৫ সালের ২৩ ডিসেম্বর একটি নির্দেশিকা জারি করা হয়েছিল। এটি তারই পরবর্তী অংশ।

এর পর পর্যায়ক্রমে মার্কিন শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে যাওয়ার ক্ষেত্রে বৈধ ছাত্র ভিসা থাকা সত্ত্বেও ভারতীয় পড়ুয়াদের সেখানে প্রবেশে বাধা দেওয়ার আরও ঘটনা ঘটেছে। এমনকী যেসব ভারতীয় নাগরিক সেখানে বাণিজ্যিক/ পর্যটন / কাজকর্ম সংক্রান্ত ভিসায় প্রবেশ করার চেষ্টা করেছেন, তাঁদেরকেও দেশে ফেরত পাঠানো হয়েছে। মার্কিন সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে যে এইসব ভারতীয় পড়ুয়াদের আমেরিকায় প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা এই কারণে নয় যে, তারা যে শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে এসেছিল সেগুলি সরকারের কালো তালিকাভুক্ত। বরং, প্রত্যেক পড়ুয়ার ভিসার আবেদনপত্রের যে পর্যবেক্ষণ মার্কিন অভিবাসন কর্তৃপক্ষ করেছিলেন, তার উপর ভিত্তি করেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমেরিকা সরকারের বক্তব্য, দেশে ফেরত পাঠানো ব্যক্তির সীমান্ত নজরদার এজেন্টের কাছে নিজেদের সম্পর্কে যে তথ্য পেশ করেছেন, তার সঙ্গে তাদের ভিসার তথ্যের মিল নেই।

তবে এই নিয়ে ভারত সরকার মার্কিন সরকারের সঙ্গে

ঘনিষ্ঠভাবে যোগাযোগ রেখে চলেছে। তাঁদেরই দূতাবাস এবং কনস্যুলেটের তরফে ইস্যু করা ভিসাকে মার্কিন কর্তৃপক্ষ যাতে সম্মান করে, তার প্রয়োজনীয়তার উপর আমরা সুদৃঢ়ভাবে গুরুত্ব আরোপ করছি।

প্রসঙ্গক্রমে ফের এ কথা জানানো হচ্ছে যে, যেসব ভারতীয় পড়ুয়ারা মার্কিন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে সে দেশে পাড়ি দিচ্ছে, তাঁরা অ্যাডমিশন নেওয়ার আগে পরিশ্রম করে দেখে নাও, ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানগুলি যথাযথ অনুমোদনপ্রাপ্ত এবং সমৃদ্ধ কি না। ভ্রমণ বা সফর সংক্রান্ত নথিপত্র ছাড়াও মার্কিন অভিবাসন আধিকারিকদের সাক্ষাৎকারের জন্য (আমেরিকায় প্রবেশ করতে) নিজেদের সঙ্গে শিক্ষা পরিকল্পনা, থাকায় জায়গা, আর্থিক সাহায্য, স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাবলী ও আয়োজন প্রভৃতি বিষয়ে প্রয়োজনীয় সব নথিপত্র অবশ্যই সঙ্গে রাখা উচিত পড়ুয়াদের। মার্কিন অভিবাসন আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎকারের জন্যও প্রস্তুত থাকা উচিত। একইভাবে অন্য ভিসায় যেসব ভারতীয় নাগরিক আমেরিকায় যাচ্ছেন, তাঁদেরও পরামর্শ দেওয়া হচ্ছে যে, থাকায় জায়গা, আর্থিক সাহায্য, চিকিৎসা সংক্রান্ত আয়োজন, স্পনশরশিপ সম্বন্ধে বিশদ তথ্য সম্বলিত সমস্ত প্রয়োজনীয় নথিপত্র অবশ্যই সঙ্গে রাখবেন।

নয়াদিল্লি

৩০ ডিসেম্বর, ২০১৫